

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
সেগুন বাগিচা, ঢাকা।

(কাস্টমস)

প্রজ্ঞাপন

তারিখ: ২০ জ্যৈষ্ঠ, ১৪২৭ বঙ্গাব্দ/৩ জুন, ২০২০ খ্রিস্টাব্দ

এস.আর.ও. নং ১৩৬-আইন/২০২০/৮৭/কাস্টমস।- Customs Act, 1969 (Act No. IV of 1969) এর section 13 এর উদ্দেশ্য পূরণকল্পে এবং section 219 এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড বন্ডেড ওয়ারহাউস লাইসেন্সিং বিধিমালা, ২০০৮ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা:-

উপরি-উক্ত বিধিমালার পরিশিষ্ট-২ এর পরিবর্তে নিম্নরূপ ‘পরিশিষ্ট-২’ প্রতিস্থাপিত হইবে, যথা:-

“পরিশিষ্ট-২

[বিধি ৫ দ্রষ্টব্য]

লাইসেন্স এর জন্য আবশ্যিক দলিলাদি

ক্রমিক নং	বিবরণ
১.	যথাযথ মূল্যমানের কোর্ট ফিসহ আবেদন।
২.	BOI/BSCIC —এর রেজিস্ট্রেশন সনদপত্র।
৩.	কোম্পানির টিআইএন সনদপত্র।
৪.	হালনাগাদ ট্রেড লাইসেন্স।
৫.	হালনাগাদ ফায়ার লাইসেন্স।
৬.	মূল্য সংযোজন কর সনদপত্র।
৭.	সংশ্লিষ্ট এসোসিয়েশনের সুপারিশপত্র।
৮.	প্রতিষ্ঠানের মালিক/পরিচালকদের নাম, পদবি, বর্তমান ও স্থায়ী ঠিকানা, স্বাক্ষর এবং ছবি নোটারী পাবলিক ও লিয়েন ব্যাংক কর্তৃক সত্যায়নপূর্বক ৩ (তিন) শত টাকার নন জুডিশিয়াল স্ট্যাম্প দাখিল।
৯.	বয়লার সার্টিফিকেট (প্রযোজ্য ক্ষেত্রে)।
১০.	জয়েন্ট স্টক কোম্পানির মেমোরেন্ডাম এন্ড আর্টিকেলস অব এসোসিয়েশন এবং সার্টিফিকেট অব ইনকর্পোরেশন এর ১টি করে মূল বই (প্রযোজ্য ক্ষেত্রে)।
১১.	মেশিনারি আমদানির ক্ষেত্রে Invoice ও B/E এবং স্থানীয় ক্রয়ের ক্ষেত্রে ক্রয় সংক্রান্ত দলিলাদির সত্যায়িত ফটোকপি।
১২.	প্রস্তাবিত বন্ডেড ওয়ারহাউসের ২ (দুই) কপি নকশা যা এ্যামোনিয়া প্রিন্ট পেপারে প্রস্তুতকৃত ও সার্টিফাইড ইঞ্জিনিয়ার কর্তৃক প্রতীক্ষাকরিত।
১৩.	কারখানার মালিকানা দলিল কিংবা ভাড়ার ক্ষেত্রে নোটারীকৃত চুক্তিপত্র।

১৪.	ব্যবসা পরিচালনাকালে দেশে প্রচলিত সংশ্লিষ্ট সকল আইন ও বিধি-বিধান মানিয়া চলার অঙ্গিকারসহ ৩ (তিন) শত টাকার নন জুডিশিয়াল স্ট্যাম্পে হলফনামা।
১৫.	কারখানার চতুর্দিকে নিরাপত্তা বেটনি এবং একই ইন্ডাস্ট্রিয়াল এরিয়ার মধ্যে স্থাপিত গুপ অব ইন্ডাস্ট্রিজে স্থাপিত প্রতিষ্ঠানসমূহের ক্ষেত্রে একই ধরনের নিরাপত্তা বেটনি থাকিবার নকশা যা সাটিফাইড ইঞ্জিনিয়ার কর্তৃক প্রতীয়াক্ষরিত হইতে হইবে।
১৬.	কারখানার ভিতরে অবস্থিত কাঁচামাল ও ফিনিশড গুডস এর জন্য নির্ধারিত ওয়্যারহাউস আন্তর্জাতিক মানসম্পন্ন হইতে হইবে। অর্থাৎ বন্ডেড কাঁচামালের জন্য নির্ধারিত ওয়্যারহাউসের ভিতরে কোন ইউটিলিটি সংযোগ বা ইলেকট্রিক্যাল ওয়্যার থাকিবে না এবং ওয়্যারহাউসের ভিতরে পর্যাপ্ত আলো বাতাস প্রবেশের ব্যবস্থা থাকিবে।
১৭.	গুদামসহ প্রতিষ্ঠানের আয়তন ন্যূনতম ৫ (পাঁচ) হাজার বর্গফুট হইতে হইবে।
১৮.	প্রতিষ্ঠান যদি ভাড়া কৃত স্থানে স্থাপিত হয় সেক্ষেত্রে ন্যূনতম ৫ (পাঁচ) বৎসরের ভাড়ার চুক্তি দাখিল করিতে হইবে এবং উক্ত স্থানে ইতোপূর্বে কোন বন্ড প্রতিষ্ঠান ছিলো কিনা তাহা ভাড়া প্রদানকারী কর্তৃক প্রত্যায়িত হইতে হইবে।
১৯.	প্রতিষ্ঠানের নিজস্ব নামে জ্বালানি সংযোগ থাকিতে হইবে তবে একই হোল্ডিং এ একাধিক প্রতিষ্ঠান হইলে সাব-মিটার হইতে পারিবে।
২০.	আবেদনকারী যদি উৎপাদন কার্যক্রমের জন্য স্থানীয় উৎস হইতে পূর্বে আমদানিকৃত ও ব্যবহৃত যন্ত্রপাতি ও যন্ত্রাংশ সংগ্রহ করিয়া থাকে, তাহা হইলে তাহার আয়ুকাল নির্ধারণের ক্ষেত্রে আন্তর্জাতিক সার্ভেয়ার প্রতিষ্ঠান কর্তৃক ন্যূনতম ১০ (দশ) বৎসর কর্মক্ষম থাকিবে এই মর্মে Life Span Certificate সংগ্রহপূর্বক আবেদনের সহিত দাখিল করিতে হইবে। এছাড়া, উক্ত যন্ত্রপাতি ও যন্ত্রাংশ সংগ্রহের ক্ষেত্রে প্রযোজ্য মূল্য সংযোজন কর (মুসক) পরিশোধের দালিলিক প্রমাণাদি, মেশিনের আমদানি সংশ্লিষ্ট বিল অব এন্ট্রি, ইনভয়েস ও প্যাকিং লিস্ট দাখিল করিতে হইবে এবং মেশিনারীজের ন্যূনতম মূল্য ৪০ (চল্লিশ) লক্ষ টাকা হইতে হইবে।
২১.	প্রতিষ্ঠানের সহযোগী সকল প্রতিষ্ঠানের নিরীক্ষা হালনাগাদ থাকিতে হইবে।
২২.	প্রতিষ্ঠানের বিদেশি পরিচালকগণ (দেশে অবস্থান করুন বা না করুন) এর করদাতা সনাক্তকরণ নম্বর (টিআইএন) ও Private Investor (PI) Visa দাখিল করিতে হইবে।
২৩.	লিমিটেড কোম্পানির ক্ষেত্রে পরিশোধিত মূলধন ন্যূনতম ১ (এক) কোটি টাকা এবং একক/অংশীদারী মালিকানার ক্ষেত্রে ন্যূনতম টার্নওভার ৩০ (ত্রিশ) লক্ষ টাকা হইতে হইবে।

২। এই প্রজ্ঞাপন ১১ জুন, ২০২০ খ্রিস্টাব্দ তারিখে কার্যকর হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

স্বাক্ষরিত/-

আবু হেনা মোঃ রহমাতুল মুনিম
চেয়ারম্যান।